দৈনিক বাংলা

তারিখ 19 APR 1994
পৃষ্ঠা ৫ কলাম ৭

57

# পরীক্ষকদের অসহযোগিতা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজী হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, মনোবিজ্ঞান এবং ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের সম্মান প্রথমবর্ষের পরীক্ষার ফল পাঁচ মাসেও প্রকাশিত না হওয়ায় বিপাকে পড়েছে সংশ্লিষ্ট ছাত্রছাত্রীরা। তারা না পারছে ইতিমধ্যে শুরু হওয়া দ্বিতীয়বর্ষের ক্লাসে যেতে, না পারছে নতুন বর্ষের ক্লাস করতে। পাসের ব্যাপারে যাদের মনে সংশয় আছে, তাদেরই বিপদটা বেশী। তাদের এই দুর্ভাবনা ঘটিয়েছেন সংশ্লিষ্ট পরীক্ষকগণ। তাদের অসহযোগিতার কারণেই নাকি নিয়ম অনুযায়ী দুই মাসের মধ্যে প্রকাশিতব্য ফল পাঁচ মাসেও ঘোষণা করা যাচ্ছে না। বিভাগীয় পরীক্ষা কমিটির চেয়ারম্যানের এই অভিযোগ অত্যন্ত গুরুতর ও দুঃখজনক। সময়মত পরীক্ষার খাতা দেখা এবং ফল প্রকাশ কর্তৃপক্ষের সঙ্গে সহযোগিতা করা পরীক্ষকদের চাকরিগত ও নৈতিক দায়িত্ব। এই দায়িত্ব পালন না করে সংশ্লিষ্ট পরীক্ষকগণ যে পরীক্ষার্থীদের ক্ষতিসাধন এবং নিজেদের কর্তব্যে অবহেলা করার অপরাধে অপরাধী হচ্ছেন, এটুকু বুঝার বিবেক-বুদ্ধি তাদের থাকার কথা।

পরীক্ষা এবং পরীক্ষার ফল ছাত্রছাত্রীদের কাছে একটি অতি গুরুত্বপূর্ণ ব্যাপার। উচ্চতর ক্লাসে উত্তীর্ণ হওয়া এবং ডিগ্রী-ডিপ্লোমা লাভ করার জন্যই পরীক্ষা অত্যাবশ্যক। আলোচ্য ঘটনাটিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ছাত্রছাত্রীরা বিপাকে পড়েছে প্রমোশনের ব্যাপারে। প্রথমবর্ষের ক্লাস যথারীতি সমাপ্ত করে তারা পরীক্ষা দিয়েছে। সবারই মনে আশা, নতুন সেশনে নতুন ক্লাসে অর্থাৎ উচ্চতর ক্লাসে প্রমোশন পাবে। এই প্রমোশনেরই জন্য ছাত্রছাত্রীরা কাঠোর পরিশ্রম করে লেখাপড়া করে, পরীক্ষা দেয়। আশায় আশায় থাকে পরবর্তী ক্লাসে ওঠার। রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও এসব পরীক্ষার ফল প্রকাশের জন্য দুই মাস সময় বেঁধে দিয়েছেন। কিন্তু ১৯৯২ সালের সম্মান প্রথমবর্ষের পরীক্ষা গত নবেম্বর-ডিসেম্বরে অনুষ্ঠিত হলেও আজ পর্যন্ত ফল প্রকাশিত হল না।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সেশনজট এবং কারণে-অকারণে পরীক্ষা অনুষ্ঠানে ফল প্রকাশে অসহনীয় বিলম্ব শিক্ষাক্ষেত্রে একটি মহা সমস্যা হয়েছে। এর ফলে ছাত্রজীবন দীর্ঘায়িত হচ্ছে, অপচয় ঘটছে সময় ও অর্থের। ফল প্রকাশে বিলম্ব পরীক্ষার্থীদের যেমন বিপদে ফেলে তেমনি অসুবিধা বাড়ায় অভিভাবকদেরও। পরীক্ষার ফল নির্ধারিত সময়ে প্রকাশিত হলে ছাত্রছাত্রী ও অভিভাবক উভয় শ্রেণীই উপকৃত হন। পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষ এবং পরীক্ষক-সমাজ উভয়কেই এই বাস্তবতা উপলব্ধি করতে হবে। তাদের সব সময় সচেষ্ট থাকতে হবে সময়মত পরীক্ষা অনুষ্ঠান এবং দ্রুত ফল প্রকাশ করার।